

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০৭০.৯৯.০০৭.২৩.

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩০  
১৬ নভেম্বর ২০২৩

## অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ নং আদেশ অনুযায়ী গাইবান্ধা জেলার ০৫টি সংসদীয় আসনের {২৯ গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ), ৩০ গাইবান্ধা-২ (গাইবান্ধা সদর), ৩১ গাইবান্ধা-৩ (সাদুল্লাপুর, পলাশাবাড়ী), ৩২ গাইবান্ধা-৪ (গোবিন্দগঞ্জ), ৩৩ গাইবান্ধা-৫ (ফুলছড়ি, সাঘাটা)} যোগ্য ব্যক্তিগণ ৩০ নভেম্বর ২০২৩ রোজ বৃহস্পতিবার এর মধ্যে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

(ক) বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে ([www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)) গিয়ে অনলাইনে মনোনয়নপত্র দাখিল লিংকে ক্লিক করতে হবে অথবা সরাসরি মনোনয়নপত্র দাখিলের ওয়েব সাইটে (<https://onss.ecs.gov.bd>) যেতে হবে। ওয়েব পোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিল করতে ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাবেন। প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়নপত্র ডাউনলোড করতে হবে।

(খ) ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে নিজের মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে হবে।

(গ) উল্লিখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর দাখিলকারী প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস-এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হবেন।

(ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে দাখিলকারীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে উল্লেখপূর্বক স্বাক্ষর ও সীলমোহর প্রদান করে পিডিএফ আকারে দাখিলকারীকে ই-মেইলে প্রেরণ করবেন।

(ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে।

স্বা.

(কাজী নাহিদ রসুল)

জেলা প্রশাসক, গাইবান্ধা

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

তারিখ : ১ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

স্মারক নং-০৫.৫৫.৩২০০.০৭০.৯৯.০০৭.২৩. ৭০৩ (৩২)

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩০  
১৬ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার, ঢাকা।
০৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
০৬. পুলিশ সুপার, গাইবান্ধা।
০৭. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), গাইবান্ধা (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
০৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, গাইবান্ধা
০৯. জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা।
১০. জেলা তথ্য অফিসার, গাইবান্ধা (তাকে গণবিজ্ঞপ্তিটি উল্লিখিত নির্বাচনী এলাকার জনসাধারণের জ্ঞাতার্থে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১১. উপজেলা নির্বাচন অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
১২. অফিসার ইন চার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা।
১৩. অফিস কপি।

জেলা প্রশাসক, গাইবান্ধা

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন